

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৫১

আগরতলা, ২১ জানুয়ারি, ২০২৪

রাজভবনে ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন



আগরতলার রাজভবনে আজ ত্রিপুরা, মণিপুর ও মেঘালয় রাজ্যের পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ত্রিপুরা, মণিপুর ও মেঘালয়ের নাগরিকদের অভিনন্দন জানিয়ে বলেন, এই দিবস উৎসাহ সহকারে উদযাপন করা হয়। এদিন এই রাজ্যগুলির বিভিন্ন জাতি-গোষ্ঠী তাদের নিজ নিজ সাংস্কৃতিক ঐতিহ্য তুলে ধরেন। তিনি বলেন, সাক্ষরতার ক্ষেত্রে ত্রিপুরা উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে এবং আগামী দিনে ত্রিপুরা একটি মেডিক্যাল হাব-এ পরিণত হতে যাচ্ছে। অনুষ্ঠানে রাজ্যপাল ত্রিপুরাবাসীকে সমস্যার বিরুদ্ধে রুখে দাঁড়াতে আহ্বান জানান। রাজভবনের অনুষ্ঠানে দিব্যঙ্গ ছাত্রছাত্রী ও স্বাবলম্বন পুনর্বাসন কেন্দ্রের ছেলেমেয়েরাও অংশগ্রহণ করে। রাজ্যপাল তাদের সাথে মতবিনিময় করেন।

\*\*\*\*\*